# বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন

"কৃষি ভবন"
৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০
(মহা-ব্যবস্থাপক (বীজ) এর দপ্তর)

স্মারক নং ঃ ১মব্য(বীজ)৫১(অংশ-১০)/২০০৭-০৮/ ৭১৪ (৩০) তারিখ ঃ ২৩/৯/০৭ খ্রিঃ

**বিষয় ঃ কৃষি মন্ত্রণালয়ে ১২/৯/২০০৭ তারিখে অনুষ্ঠিত সীড প্রমোশন কমিটির ৪২তম সভার কার্য বিবরণী।**

এতদসঙ্গে বর্ণিত বিষয়ের কার্য বিবরণী প্রেরণ করা হ'ল।

**সংযুক্তি ঃ সভার কার্য বিবরণী।**

(মোঃ গোলাম মোস্তফা)
মহা-ব্যবস্থাপক (বীজ)
বিএডিসি, ঢাকা
ও
সদস্য-সচিব, সীড প্রমোশন কমিটি

**অনুলিপি বিতরণ (কার্য বিবরণী সংযুক্ত) ঃ**

১। অতিরিক্ত সচিব (প্রশাসন ও উপকরণ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। যুগ্ম-সচিব (নিরীক্ষা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। মহাপরিচালক (বীজ উইং) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। সদস্য-পরিচালক (বীজ ও উদ্যান), বিএডিসি, কৃষি ভবন, ঢাকা।
৫। পরিচালক (সরেজমিন উইং), ডিএই, খামার বাড়ী, ফার্মগেট, ঢাকা-১২১৫।
৬। পরিচালক (গবেষণা), বিআরআরআই, জয়দেবপুর, গাজীপুর-১৭০১।
৭। পরিচালক (গবেষণা), বিএআরআই, জয়দেবপুর, গাজীপুর-১৭০১।
৮। পরিচালক (কৃষি), বিজেআরআই, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।
৯। পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সি, জয়দেবপুর, গাজীপুর-১৭০১।
১০। পরিচালক, কৃষি তথ্য সার্ভিস, খামার বাড়ী, ফার্মগেট, ঢাকা-১২১৫।
১১। পরিচালক (গবেষণা), বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা কেন্দ্র, পোস্ট বক্স-৪, ময়মনসিংহ-২২০০।
১২। পরিচালক (উদ্ভিদ সংরক্ষণ উইং), ডিএই, খামার বাড়ী, ফার্মগেট, ঢাকা-১২১৫।
১৩। প্রধান, কৃষিতত্ত্ব বিভাগ, কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ-২২০০।
১৪। অতিরিক্ত মহা-ব্যবস্থাপক (খামার/কগ্রো/বীবি/বীপ্রস্/সিডিপিক্রপস), বিএডিসি, কৃষি ভবন, ঢাকা।
১৫। প্রকল্প পরিচালক/ব্যবস্থাপক (অবীউ/বীআমক), বিএডিসি, কৃষি ভবন, ঢাকা।
১৬। চেয়ারম্যান, সেন্টার ফর এগ্রো-টেকনোলজী ডেভেলপমেন্ট, ৬০ গ্রীন রোড, ঢাকা (প্রতিনিধি, এনজিও সীড ফোরাম)।
১৭। সভাপতি, সীড ফেডারেশন অব বাংলাদেশ, এসআইডি প্রজেক্ট, ৩য় বিল্ডিং, ৭ম ফ্লোর, খামারবাড়ী, ফার্মগেট, ঢাকা।

**সানুগ্রহ জ্ঞাতার্থে অনুলিপি বিতরণ ঃ**

১। ভাইস চ্যান্সেলর, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ।
২। চেয়ারম্যান, বিএডিসি, কৃষি ভবন, ঢাকা-১০০০।
৩। মহাপরিচালক, ডিএই, খামার বাড়ী, ফার্মগেট, ঢাকা-১২১৫।
৪। মহাপরিচালক, বিআরআরআই, জয়দেবপুর, গাজীপুর-১৭০১।
৫। মহাপরিচালক, বিএআরআই, জয়দেবপুর, গাজীপুর-১৭০১।
৬। মহাপরিচালক, বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা কেন্দ্র, পোস্ট বক্স-৪, ময়মনসিংহ-২২০০।
৭। মহাপরিচালক, বিজেআরআই, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।

# গত ১২/৯/২০০৭ ইং তারিখে অনুষ্ঠিত সীড প্রমোশন কমিটির
## ৪২তম সভার কার্য বিবরণী

সীড প্রমোশন কমিটির ৪২তম সভা গত ১২/৯/০৭ তারিখ সকাল ১০.৩০ ঘটিকায় কৃষি মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় কৃষি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (প্রশাসন ও উপকরণ) সভাপতিত্ব করেন। পরিশিষ্ট-ক তে উল্লিখিত কর্মকর্তা/প্রতিনিধিগণ সভায় উপস্থিত ছিলেন।

সভার শুরুতে সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন এবং সভার কার্যপত্র অনুযায়ী আলোচ্য বিষয়সমূহ উপস্থাপনের জন্য কমিটির সদস্য-সচিব ও মহা-ব্যবস্থাপক (বীজ), বিএডিসি, ঢাকাকে অনুরোধ করেন। সভাপতি মহোদয়ের অনুরোধক্রমে সদস্য-সচিব আলোচ্য সূচী অনুযায়ী নিম্নবর্ণিত বিষয়াদি উপস্থাপন করেন ঃ

আলোচ্য সূচী-১ ঃ ১/৭/০৭ তারিখে অনুষ্ঠিত ৪১তম সভার কার্য বিবরণী অনুমোদনের প্রস্তাব।

৪১তম সভার কার্যবিবরণী ৫/৭/০৭ তারিখের ১মব্যঃ(বীজ)৫১(অংশ-৯)২০০৬-০৭/০২(৩০) নং স্মারকের মাধ্যমে কমিটির সকল সদস্যগণের নিকট পাঠানো হয়। বীজআলু উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণে ৪১তম সভার সিদ্ধান্তের আলোকে মহা-পরিচালক (বীজ উইং), কৃষি মন্ত্রণালয় জাতীয় বীজ বোর্ডের পরবর্তী সভায় ছাড়কৃত নতুন জাত প্রাপ্তি সাপেক্ষে আমদানীতব্য ৩০০ মে. টন বীজআলুর মধ্যে নতুন জাত অন্তর্ভুক্তির জন্য বলেন। ৪১তম সভার কার্য বিবরণীর ব্যাপারে কারো কোন আপত্তি/মতামত না থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

**আলোচ্য সূচী-২ ঃ গত ১/৭/২০০৭ তারিখে অনুষ্ঠিত সীড প্রমোশন কমিটির ৪১তম সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা।**

৪১তম সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের অগ্রগতি নিম্নরূপ ঃ

| আলোচ্যসূচীর ক্রমিক নং | বিষয় ও সিদ্ধান্ত | বাস্তবায়নের অগ্রগতি |
|---|---|---|
| ০২ | (১) ২০০৭-০৮ মৌসুমের জন্য জাতওয়ারী বীজ আলু উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণ।<br>**সিদ্ধান্ত ঃ**<br>(ক) ২০০৭-০৮ উৎপাদন মৌসুমে সংস্থার খামারে ৩০০০ মে.টন ভিত্তি এবং চুক্তিবদ্ধ চাষীদের মাধ্যমে ১৪৯৩৪ মে.টন মানঘোষিত বীজ আলু উৎপাদন করবে। ব্রিডার ও ভিত্তি বীজের প্রাপ্যতার ভিত্তিতে বিএডিসি জাত ভিত্তিক উৎপাদন কর্মসূচী গ্রহণ করবে। **দায়িত্ব ঃ বিএডিসি।**<br>(খ) ২০০৭-০৮ উৎপাদন মৌসুমে ভিত্তি বীজ আলু উৎপাদনের জন্য ৫টি জাতের (ডায়মন্ড- ২৫টন, অ্যাসটেরিক্স- ২৫ টন, ফেলসিনা- ৭৫ টন, গ্রানোলা- ১০০ টন, প্রুভেন্টো- ৭৫ টন)। মোট- ৩০০ টন বেসিক সীড (ক্লাস এসই/ই) আমদানী করবে। **দায়িত্ব ঃ বিএডিসি।**<br>(গ) ২০০৭-০৮ সালে অতিরিক্ত উৎপাদিত বীজ আলু সংগ্রহ ও অতিরিক্ত পরিমান বীজ আলু আমদানীর জন্য অর্থ সংস্থান রেখে ডিপিপি সংশোধনের ব্যবস্থা নেবে। **দায়িত্ব ঃ বিএডিসি।** | (ক) বীজ উৎপাদন জোন সমূহে বীজ উৎপাদন ব্লক ও চাষী নির্বাচনের কাজ চলছে।<br>(খ) বীজ আমদানীর প্রক্রিয়া চলছে।<br>(গ) ডিপিপি সংশোধন প্রক্রিয়াধীন। |
| | (২) ২০০৭-০৮ মৌসুমের জন্য জাতওয়ারী ব্রিডার বীজ আলু উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণ ঃ<br>সিদ্ধান্ত ঃ<br>বিএডিসি'র নিজস্ব টিস্যুকালচার ল্যাবরেটরীতে উৎপাদিত ও সংগৃহীতব্য **অণুচারা** দ্বারা ৩০০০ কেজি ডায়মন্ট, ২০০০ কেজি কার্ডিনাল ও ১০০০ কেজি গ্রেনোলা জাতের ব্রিডার বীজ আলু এবং ব্রীডার বীজ আলু দ্বারা ৬০০০০ কেজি ব্রীডার বীজ আলু সহ সর্বমোট- ৬৬০০০ কেজি ব্রীডার বীজআলু উৎপাদন করবে। **দায়িত্ব ঃ বিএডিসি।** | **উৎপাদন কার্যক্রম হাতে নেয়া হয়েছে।** |

D:\WP_04\Resou_07.doc

আলোচ্য সূচী-৩ ঃ ২০০৭-০৮ সালে জাতওয়ারী গম বীজ উৎপাদনের লক্ষ্যমাত্রা নির্ধারণ।

| ক্রমিক নং | আলোচ্য সূচী | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০৩ | ২০০৭-০৮ মৌসুমের জন্য জাতওয়ারী গম বীজ উৎপাদনের লক্ষ্যমাত্রা নির্ধারণ। | সদস্য-সচিব সভায় জানান যে, ২০০৫-২০০৬ এবং ২০০৬-০৭ সালে বিএডিসি যথাক্রমে ১২,৪১৫ মে. টন এবং ২০,০৫৭ মে. টন গম বীজ বিতরণ করেছে। ২০০৬-০৭ সালে বিভিন্ন প্রকল্পের মাধ্যমে আপৎকালীন মজুদসহ ৬টি জাতের ১৮,২৭৮ মে. টন গম বীজ সংগৃহীত হয়েছে এবং সংরক্ষিত আছে, যা ২০০৭-০৮ সালে বিতরণ করা হবে।<br>কৃষি মন্ত্রণালয় কর্তৃক বীজ সরবরাহ পরিকল্পনায় ২০০৮-০৯ বিএডিসি'র জন্য মোট ৩,০০০ মে. টন ভিত্তি ও ৪,০০০ মে. টন প্রত্যায়িত এবং ১৯,০০০ মে. টন মানঘোষিত অর্থাৎ সর্বমোট ২৬,০০০ মে. টন গমবীজ সরবরাহের লক্ষ্যমাত্রা নির্ধারিত রয়েছে।<br>অপরদিকে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর হতে ২০০৭-০৮ ও ২০০৮-০৯ সালের জন্য যথাক্রমে ২২,০০০ মে. টন ও ২৫,০০০ মে. টন মানঘোষিত গম বীজের চাহিদা পাওয়া গিয়েছে।<br>বিএআরআই-এর প্রতিনিধি জানান, ২০০৭-০৮ ও ২০০৮-০৯ সালে যথাক্রমে ১১ মে. টন ও ১৫ থেকে ১৮ মে. টন ব্রিডার গমবীজ বিএডিসিকে সরবরাহ দিতে পারবে। তিনি আরো জানান, বিএআরআই তাপ ও লবণাক্ততা সহিষ্ণু জাত উদ্ভাবনের চেষ্টা করছে।<br>বিএডিসি'র অতিরিক্ত মহা-ব্যবস্থাপক (খামার) জানান যে, একই আবহাওয়ায় বিজয় ও প্রদীপ জাত দুটির অংকুরণ ক্ষমতা তুলনামূলকভাবে অন্যান্য জাতের চেয়ে কম বলে প্রতীয়মান হয়েছে। এ বিষয়ে বিএআরআই-এর গবেষণালব্ধ তথ্য প্রয়োজন। এছাড়া বিএডিসি'র চুক্তিবদ্ধ চাষী, মাঠ পর্যায়ের কর্মকর্তাদের নতুন জাত সম্পর্কে গম গবেষণা কেন্দ্রে প্রশিক্ষণে দেয়ার প্রস্তাব করা হয়।<br>এ ব্যাপারে বিএআরআই-এর প্রতিনিধি জানান, গত বছর বিএডিসি'র সহকারী পরিচালকদের প্রশিক্ষণের ব্যবস্থা নেয়া হয়েছে এবং ভবিষ্যতে বিএডিসি'র চাষী এবং মাঠ পর্যায়ের কর্মকর্তাদের প্রশিক্ষণের উদ্যোগ নেয়া হবে। বিজয় ও প্রদীপ জাত দুটির অংকুরণ ক্ষমতা সম্পর্কে আরও পর্যবেক্ষণের ব্যবস্থা নেয়া হবে।<br>বিএআরআই-এর প্রতিনিধি বলেন যে, বীজ শোধন করে বীজ বপন করা হলে বীজবাহিত রোগবালাই কম হবে, এতে শস্যের ফলন বৃদ্ধি পাবে। তিনি বীজ শোধন করে বপণের/বিতরণের ব্যবস্থা নেয়ার প্রস্তাব করেন। মহাপরিচালক, বীজ উইং সহ সংশ্লিষ্ট সকলে এ বিষয়ে আলোচনায় অংশগ্রহণ করেন। বিএডিসি'র পক্ষ থেকে বলা হয় যে, বীজ শোধন ব্যয়সাপেক্ষ এবং শোধিত বীজ অবিক্রিত থাকলে পরবর্তীতে তা খাদ্য হিসেবে বিক্রয় করা যায় না। তবে বীজ শোধনের জন্য ব্যবহৃত ভিটাভেক্স/প্রোভেক্স বীজের প্যাকেটে নির্দিষ্ট পরিমাণ প্যাকেট আকারে আলাদাভাবে দেয়া যেতে পারে। বিষয়টি নিয়ে বিস্তারিত আলোচনা হয় এবং এ বছরের জন্য ভিত্তি বীজ উৎপাদনের নিমিত্তে খামারে ব্যবহৃত বীজের অর্ধেক পরিমাণ বীজ শোধন করে ব্যবহারের বিষয়ে সভা একমত পোষণ করেন। এর কার্যকারিতা পর্যালোচনা করে পরবর্তীতে সিদ্ধান্ত নেয়া যেতে পারে। | ১) ২০০৭-০৮ উৎপাদন মৌসুমে বিএডিসি'র খামারে ১,০০০ মে. টন ভিত্তি, চুক্তিবদ্ধ চাষী চাষীদের মাধ্যমে ১,০০০ মে. টন ভিত্তি, ৪,০০০ মে. টন প্রত্যায়িত ও ১৭,০০০ মে. টন মানঘোষিত গমবীজ উৎপাদন করবে (বিস্তারিত পরিশিষ্ট-'খ')।<br>২) ২০০৭-০৮ ও ২০০৮-০৯ সালে বাংলাদেশ কৃষি গবেষণা প্রতিষ্ঠান থেকে যথাক্রমে ১১ মে.টন ও ১৮ মে. টন ব্রিডার গমবীজ বিএডিসিকে সরবরাহ করবে (বিস্তারিত পরিশিষ্ট-'খ')<br>৩) কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও গবেষণা প্রতিষ্ঠান নতুন জাতসমূহের উপর গুরুত্ব আরোপ করে সর্বোচ্চ সংখ্যক প্রদর্শনীর আয়োজন করবে।<br>৪) কৃষি তথ্য সার্ভিস কর্মসূচী অনুযায়ী উৎপাদিত সমুদয় বীজ বিক্রয়ের জন্য সর্বাত্মক প্রচারণার কর্মসূচী গ্রহণ ও বাস্তবায়ন করবে।<br>৫) বিএডিসি চলতি বৎসর তাদের খামারে গম ও বোরো ধানের ভিত্তি বীজ উৎপাদনে ব্যবহৃত মোট বীজের অর্ধেক (৫০%) পরিমাণ বীজ শোধন করে ব্যবহার করবে। | দায়িত্ব ঃ বিএডিসি<br>দায়িত্বঃ বিএআরআই<br>দায়িত্ব ঃ ডিএই ও বিএআরআই।<br>দায়িত্ব ঃ এআইএস<br>দায়িত্ব ঃ বিএডিসি |



D:\WP_04\Resou_07.doc

| ক্রমিক নং | আলোচ্য সূচী | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | মহা-ব্যবস্থাপক (বীজ) ও সদস্য-সচিব, সীড প্রমোশন কমিটি বিএডিসি, এসসিএ, ডিএই, এনআরএস এর সমন্বিত প্রচেষ্টায় নতুন জাতগুলো জনপ্রিয় করার উদ্যোগ গ্রহণের অনুরোধ জানান।<br>২০০৭-০৮ সালে গম বীজের উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণকালে বিগত বছরসমূহের বীজ বিতরণ ধারা, গম উৎপাদনে বীজের চাহিদা ও কৃষক পর্যায়ে পছন্দনীয় জাত, ব্রিডার বীজের প্রাপ্যতা, বেসরকারী প্রতিষ্ঠান/বীজ উৎপাদকদের নিকট হতে ভিত্তি বীজের চাহিদা, দেশে খাদ্য উৎপাদনের বিষয়সমূহ বিবেচনায় আনা হয়েছে। এ সকল বিবেচনা করে ২০০৮-০৯ সালে বিতরণের জন্য ২০০৭-০৮ সালে বিএডিসি সর্বমোট ২৫,০০০ মে. টন গম বীজ উৎপাদন করবে। তন্মধ্যে স্বাভাবিক কর্মসূচীর মাধ্যমে ২,০০০ মে. টন ভিত্তি এবং ৪,০০০ মে. টন প্রত্যায়িত এবং ১৭,০০০ মে. টন মানঘোষিত সহ সর্বমোট ২৩,০০০ মে. টন গম বীজের জাতওয়ারী উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণের প্রস্তাব করা হয় (বিস্তারিত পরিশিষ্ট-'খ')।<br>বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের প্রতিনিধি কাঞ্চন জাতের বীজ উৎপাদন বাদ দেয়ার জন্য সভায় প্রস্তাব করেন।<br>বিএডিসি'র পক্ষে এ ব্যাপারে সভায় অবহিত করা হয়, বিএডিসি কাঞ্চন জাতের গম বীজ উৎপাদন করছে না। | | |
| ০৪. | ২০০৮-০৯ সালে গম বীজ উৎপাদনের ধারা অব্যাহত রাখার স্বার্থে প্রস্তাবিত ২০০০ মে.টন ভিত্তি বীজ উৎপাদনে **উদ্ভূত সমস্যা নিরসন।** | প্রস্তাবিত ২০০০ মে. টন ভিত্তি বীজ উৎপাদনের জন্য ২৫০০ একর জমিতে ১৫০ মে. টন ব্রীডার /ভিত্তি স্টেজ-১ বীজ প্রয়োজন। বাংলাদেশ কৃষি গবেষণা ইন্সটিটিউট এর সাথে যোগাযোগ করে জানা যায় চলতি বৎসর প্রায় ১১ মে. টন ব্রিডার বীজ সরবরাহ দিতে পারবে। বিএডিসি এর নিকট বিগত বৎসরে উৎপাদিত ভিত্তি ষ্টেজ-১ বীজ আছে ৬১ মে. টন। মোট ৬১+১১= ৭২ মে. টন বীজ দিয়ে ভিত্তি বীজ উৎপাদন করা যাবে ৯৬০ টন। অবশিষ্ট ১০৪০ টন ভিত্তি বীজ উৎপাদন করার জন্য নিম্নোক্ত সিদ্ধান্ত প্রয়োজন।<br>(ক) ২০০৬-০৭ সালে উৎপাদিত ও মজুদকৃত ৩৮ মে. টন গমবীজ, যার অংকুরণ ক্ষমতা ৭০-৭৯% এর মধ্যে রয়েছে, যা পরবর্তীতে ভিত্তি বীজ উৎপাদনের নিমিত্তে ব্যবহারের অনুমোদন প্রয়োজন। এসসিএ'র প্রতিনিধি এই বীজ হতে ভিত্তি বীজ উৎপাদনে চুক্তিবদ্ধ চাষীদের দ্বারা উৎপাদন না করে বিএডিসি'র নিজস্ব খামারে উৎপাদনের প্রস্তাব করেন। এ ব্যাপারে মহা-ব্যবস্থাপক (বীজ) জানান যে, উল্লিখিত পরিমাণ বীজ শুধুমাত্র বিএডিসি'র নিজস্ব খামারে ভিত্তি বীজ উৎপাদনের জন্য ব্যবহৃত হবে। বিস্তারিত আলোচনান্তে উক্ত ৩৮ মে. টন ভিত্তি স্টেজ-১ গমবীজ থেকে ভিত্তি স্টেজ-২ গমবীজ উৎপাদনের অনুমোদনের সিদ্ধান্ত হয়।<br>(খ) বিএআরআই থেকে ২০০৬-০৭ সালে উৎপাদনের জন্য চাহিদাকৃত ৯০ মে. টন ব্রিডার গমবীজের স্থলে ৯ মে. টন ব্রিডার গমবীজ পাওয়া যায়। ২০০৭-০৮ উৎপাদন মৌসুমে ৯০ মে. টন চাহিদার স্থলে প্রায় ১১ মে. টন বিভিন্ন জাতের ব্রিডার গমবীজ পাওয়া যাবে।<br>কৃষি মন্ত্রণালয়ের পরিকল্পনায় ৩,০০০ মে. টন ভিত্তি গমবীজ উৎপাদন লক্ষ্যমাত্রা থাকা সত্ত্বেও চাহিদা অনুযায়ী ব্রিডার বীজ সরবরাহ না পাওয়ায় বিএডিসি ২,০০০ মে. টন ভিত্তি গমবীজ উৎপাদনের কর্মসূচী হাতে নিয়েছে। ২,০০০ মে. টন ভিত্তি গমবীজ উৎপাদনের জন্য ১৫০ মে. টন ব্রিডার বীজের প্রয়োজন। | ক) বিএডিসি'র মজুদকৃত ৭০-৭৯% অংকুরন ক্ষমতার ৩৮ মে. টন ভিত্তি স্টেজ-১ গম বীজ হতে ভিত্তি স্টেজ-২ গম বীজ নিজস্ব খামারে সীড রেট বাড়িয়ে উৎপাদন করবে। বীজ প্রত্যয়ণ এজেন্সি উৎপাদিত বীজের প্রত্যয়ণের ব্যবস্থা নিবেন।<br><br>খ) বিএডিসি'র উৎপাদিত ও মজুদকৃত ভিত্তি স্টেজ-২ বীজ থেকে ৪৫.৬ মে. টন গম বীজ ব্যবহার করে ভিত্তি স্টেজ-২ গমবীজ উৎপাদন করবে। বীজ প্রত্যয়ণ এজেন্সি উৎপাদিত বীজের প্রত্যয়ণের ব্যবস্থা নিবেন। | **দায়িত্ব ঃ বিএডিসি ও এসসিএ।**<br><br>**দায়িত্ব ঃ বিএডিসি ও এসসিএ।** |

| ক্রমিক নং | আলোচ্য সূচী | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | বিএআরআই কর্তৃক ১১ মে. টন ব্রিডার বীজের নিশ্চয়তা পাওয়া গিয়েছে, যা এবারেও প্রয়োজনের তুলনায় অপ্রতুল। সে কারণে বিএডিসি'র উৎপাদিত ৯৯ মে. টন স্টেজ-১ ভিত্তি গমবীজ দিয়ে উল্লিখিত ২,০০০ মে. টন ভিত্তি গমবীজ উৎপাদন সম্ভব নয়। সেমতে বিএডিসি'র উৎপাদিত ভিত্তি স্টেজ-২ গমবীজের মজুদ থেকে ৪৫.৬ মে. টন বীজ দ্বারা ভিত্তি স্টেজ-২ গমবীজ উৎপাদনের প্রস্তাব রাখা হয়। পূর্বের বছরগুলোতেও ব্রিডার গমবীজ কম সরবরাহ দেয়ার কারণে ভিত্তি স্টেজ-২ থেকে ভিত্তি স্টেজ-২ গমবীজ উৎপাদন করতে হয়েছে। এ বিষয়ে সংশ্লিষ্ট সকলে আলোচনায় অংশগ্রহণ করেন। বিস্তারিত আলোচনান্তে উক্ত ৪৫.৬ মে. টন ভিত্তি স্টেজ-২ গমবীজ থেকে ভিত্তি স্টেজ-২ গমবীজ উৎপাদনের অনুমোদনের সিদ্ধান্ত হয়। | | |
| ০৫ | ২০০৭-০৮ উৎপাদন মৌসুমের জন্য বীজের আপৎকালীন মজুদ কর্মসূচীর অধীন গম বীজ উৎপাদনের লক্ষ্যমাত্রা নির্ধারণ। | সদস্য সচিব সভায় অবহিত করেন যে, "বীজের আপৎকালীন মজুদ কর্মসূচীতে" ২০০৬-০৭ সালে ২,১০০ মে. টন উৎপাদন লক্ষ্যমাত্রার বিপরীতে ১,৪৮২ মে. টন গম বীজ সংগ্রহ হয়েছে, যা ২০০৭-০৮ সালে বিতরণের জন্য সংরক্ষিত আছে। চলতি ২০০৭-০৮ সালে শতাব্দী জাতের ১,৫০০ মে. টন, সৌরভ জাতের ৩০০ মে. টন ও গৌরব জাতের ২০০ মে. টন সহ সর্বমোট ২,০০০ মে.টন গম বীজ উৎপাদন ও সংগ্রহ লক্ষ্যমাত্রা নির্ধারণ করা প্রয়োজন। এ ব্যাপরে কমিটির সদস্যগণ একমত পোষণ করেন এবং প্রস্তাবটি অনুমোদনের জন্য সুপারিশ করেন। | বীজের আপৎকালীন মজুদ ও তার ব্যবস্থাপনা কর্মসূচীতে ২০০৭-০৮ সালে শতাব্দী জাতের ১,৫০০ মে. টন, সৌরভ জাতের ৩০০ ও গৌরব জাতের ২০০ মে. টন সহ সর্বমোট ২,০০০ মে. টন গমবীজ উৎপাদন করবে (বিস্তারিত পরিশিষ্ট-'খ')। | **দায়িত্ব ঃ বিএডিসি** |
| ০৬ | ২০০৭-০৮ সালে জাতওয়ারী বোরো বীজ উৎপাদনের লক্ষ্যমাত্রা নির্ধারণ। | সদস্য সচিব সভায় অবহিত করেন যে, বিএডিসি ২০০৫-০৬ ও ২০০৬-০৭ সালে যথাক্রমে ২৫,৬০১ এবং ২৯,১৫০ মে. টন বোরো বীজ বিতরণ করেছে। তাছাড়া ২০০৬-০৭ সালে উৎপাদিত ৯টি জাতের ২৯,০৩৭ মে. টন বোরো বীজ সংগ্রহ করে তা সংরক্ষণ করা হয়েছে। এই মজুদকৃত বীজ ২০০৭-০৮ সালের আসন্ন বোরো মৌসুমে বিতরণ করা হবে।<br>তিনি আরো জানান যে, কৃষি মন্ত্রণালয়ের বীজ **সরবরাহ পরিকল্পনায় ২০০৮-০৯ সালে বিএডিসি'র জন্য ২,২৫০ মে. টন ভিত্তি, ৪,০০০ মে. টন প্রত্যায়িত ও ৩০,০০০ মে. টন মানঘোষিত ও ১৫০ মে. টন হাইব্রিডসহ মোট ৩৬,৪০০ মে. টন বোরো ধান বীজ সরবরাহ লক্ষ্যমাত্রা নির্ধারিত রয়েছে।**<br>অপরদিকে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর থেকে ২০০৭-০৮ ও ২০০৮-০৯ সালের জন্য যথাক্রমে ২৬,৯৫০ মে. টন এবং ২৭,১২০ মে. টন মে. টন বোরো ধান বীজের চাহিদা পাওয়া গিয়েছে। ২০০৭-০৮ সালে বোরো ধান বীজের চাহিদা বিগত বছরসমূহের বীজ বিতরণ ধারা, কৃষকদের বোরো বীজের চাহিদা, পছন্দনীয় জাত, ব্রিডার বীজের প্রাপ্যতা, বেসরকারী প্রতিষ্ঠান/বীজ উৎপাদকদের নিকট হতে ভিত্তি বীজের চাহিদা, দেশে খাদ্য উৎপাদনের বিষয়সমূহ বিবেচনায় আনা হয়েছে। তাছাড়া বোরো মৌসুমে হাইব্রিড বীজের ক্রমবর্ধমান চাহিদা উল্লেখযোগ্য। প্রাতিষ্ঠানিক বীজ কেবলমাত্র বিএডিসি সরবরাহ করে থাকে এবং এর চাহিদা উত্তরোত্তর বৃদ্ধি হচ্ছে। এ সকল বিষয় বিবেচনা করে ২০০৮-০৯ সালে বিতরণের জন্য ২০০৭-০৮ সালে বীজের আপৎকালীন মজুদ কর্মসূচী উৎপাদন সহ মোট ৩৬,৪০০ মে. টন উৎপাদন পরিকল্পনা নেয়া হয়েছে। বিএডিসি'র স্বাভাবিক উৎপাদন কর্মসূচীতে ১৫০ মে. টন হাইব্রিড, ২,২৫০ মে.টন ভিত্তি ও ৪,০০০ মে. টন প্রত্যায়িত এবং ২৬,০০০ মে. টন মানঘোষিত সহ সর্বমোট ৩২,৪০০ মে. টন বোরো বীজের জাতওয়ারী | ১) ২০০৭-০৮ উৎপাদন মৌসুমে সংস্থার খামারসমূহের মাধ্যমে ১৫০ মে. টন সুপার হাইব্রিড ও ২,২৫৫ মে. টন ভিত্তি এবং চুক্তিবদ্ধ চাষীদের মাধ্যমে ৪,০০০ মে.টন প্রত্যায়িত ও ২৬,০০০ মে. টন মানঘোষিতসহ সর্বমোট ৩২,৪০৫ মে.টন বোরো ধান বীজ উৎপাদনের কর্মসূচী গ্রহণ করবে (বিস্তারিত পরিশিষ্ট-'খ')।<br>২) বাংলাদেশ ধান গবেষণা প্রতিষ্ঠান থেকে ২০০৭-০৮ সালের জন্য ৮টি জাতের ১৫.৫ মে.টন ও ২০০৮-০৯ সালের জন্য ২৪.৮৫ মে.টন ব্রিডার বোরো ধান বীজ এবং বাংলাদেশ পরমাণু গবেষণা প্রতিষ্ঠান থেকে ২০০৭-০৮ সালের জন্য ২টি জাতের ০.১৫ মে.টন ও ২০০৮-০৯ সালের | **দায়িত্ব ঃ বিএডিসি**<br>**দায়িত্ব ঃ ব্রি ও বিনা** |

| ক্রমিক নং | আলোচ্য সূচী | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণের প্রস্তাব করা হয়। সে প্রেক্ষিতে ১১টি জাতের ২৪ মে.টন ব্রিডার বীজের চাহিদার বিপরীতে 'ব্রি' এর প্রতিনিধি ৮টি জাতের ১৫.৫ মে. টন সরবরাহ করা যাবে বলে সভাকে অবহিত করেন। ব্রি-এর প্রতিনিধি সভায় বিএডিসি'র ব্রিডার বীজের চাহিদা এবং সরবরাহ নিয়ে আলোচনা করেন। বিএডিসি, ব্রি ও বিনা'র প্রতিনিধির মধ্যে বিস্তারিত আলোচনা শেষে বিভিন্ন জাতের ১৫.৫ মে. টন ব্রিডার বীজ সরবরাহ নিয়ে তদনুসারে বীজ উৎপাদন কর্মসূচী নির্ধারণ করার জন্য সভাপতি মহোদয় অনুরোধ জানান। মহা-পরিচালক, বীজ উইং, কৃষি মন্ত্রণালয় উল্লিখিত উৎপাদন কর্মসূচীর মধ্যে বিনা-৫ জাতের ৫ মে. টন ভিত্তি বোরো ধান বীজ উৎপাদনের প্রস্তাব রাখেন। বিনা'র প্রতিনিধির সাথে আলোচনা করে ০.১ মে.টন বিনা-৬ ও ০.০৫ মে. টন বিনা-৫ জাতের ব্রিডার বীজ বিএডিসিকে সরবরাহ দিতে পারবে বলে জানান। বিএআরআই-এর প্রতিনিধি আরো জানান, ব্রি-হাইব্রিড-১ জাতের বীজ সরবরাহ দেয়া সম্ভব হবে না। এ বিষয়ে আলোচনার পর কৃষি মন্ত্রণালয়ের অনুমোদন সাপেক্ষে ব্রি-হাইব্রিড এর স্থলে সুপার হাইব্রিড এসএল-৮ এইচ জাতের বীজ ব্যবহার করে হাইব্রিড বীজ উৎপাদনের সুপারিশ করা হয় (বিস্তারিত পরিশিষ্ট-খ)। | জন্য ০.১৫ মে.টন ব্রিডার ধান বীজ বিএডিসিকে সরবরাহ করবে (বিস্তারিত পরিশিষ্ট-'খ')<br>৩) কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও গবেষণা প্রতিষ্ঠান নতুন জাতসমূহের উপর গুরুত্ব আরোপ করে সর্বোচ্চ সংখ্যক প্রদর্শনীর আয়োজন করবে।<br>৪) কৃষি তথ্য সার্ভিস কর্মসূচী অনুযায়ী উৎপাদিত সমুদয় বীজ বিক্রয়ের জন্য সর্বাত্মক প্রচারণার কর্মসূচী গ্রহণ ও বাস্তবায়ন করবে। | **দায়িত্ব ঃ ডিএই ও ব্রি।**<br><br>**দায়িত্ব ঃ এআইএস** |
| ০৭ | ২০০৭-০৮ উৎপাদন মৌসুমের জন্য বীজের আপৎকালীন মজুদ কর্মসূচীর অধীন বোরো ধান বীজ উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণ। | সদস্য সচিব সভায় অবহিত করেন যে, "বীজের আপৎকালীন মজুদ কর্মসূচীতে" ২০০৬-২০০৭ সালে ৩,৮০০ মে. টন উৎপাদন লক্ষ্যমাত্রার বিপরীতে ৩,৬১৮ মে. টন বোরো ধান বীজ সংগ্রহ হয়েছে, যা ২০০৭-০৮ সালে বিতরণের জন্য সংরক্ষিত আছে। চলতি ২০০৭-০৮ সালে বিআর-১৪ জাতের ৩০০ মে.টন, বিআর-২৬ জাতের ১০০ মে. টন, ব্রিধান-২৮ জাতের ১,৫০০ মে. টন ও ব্রিধান-২৯ জতের ২,১০০ মে. টন মোট ৪,০০০ মে. টন বোরো ধান বীজ উৎপাদন ও সংগ্রহের প্রস্তাব করা হয়। এ উৎপাদন পরিকল্পনার প্রস্তাব উপস্থিত সকল সদস্যবৃন্দ সমর্থন করেন। সভাপতি মহোদয় প্রস্তাব মোতাবেক উৎপাদন কর্মসূচী গ্রহণের ব্যবস্থা নেয়ার জন্য মতামত রাখেন। | বীজের আপৎকালীন মজুদ ও তার ব্যবস্থাপনা কর্মসূচীতে চলতি ২০০৭-০৮ সালে বিআর-১৪ জাতের ৩০০ মে.টন, বিআর-২৬ জাতের ১০০ মে. টন, ব্রিধান-২৮ জাতের ১,৫০০ মে. টন ও ব্রিধান-২৯ জতের ২,১০০ মে. টন মোট ৪,০০০ মে. টন বোরো ধন বীজ উৎপাদন করবে। | **দায়িত্ব ঃ বিএডিসি।** |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২০.২.০৭

২০.২.০৭

**(সি.কিউ.কে মুসতাক আহমদ)**
অতিরিক্ত সচিব (প্রশাসন ও উপকরণ)
কৃষি মন্ত্রণালয়
ও
সভাপতি, সীড প্রমোশন কমিটি

পরিশিষ্ট-'ক'

## ১২/৯/০৭ ইং তারিখে কৃষি মন্ত্রণালয়ে অনুষ্ঠিত সীড প্রমোশন কমিটির ৪২তম সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা

(স্বাক্ষরের ক্রমানুসারে)

| ক্রমিক নং | নাম | পদবী ও সংস্থার নাম | টেলিফোন নম্বর |
|---|---|---|---|
| ১ | জনাব মোঃ গোলাম মোস্তফা | মহা-ব্যবস্থাপক (বীজ), বিএডিসি ও সদস্য-সচিব, সীড প্রমোশন কমিটি | ৯৫৫২৩১৭ |
| ২ | জনাব জ্যোতিষ চন্দ্র সরকার | প্রকল্প পরিচালক (বীজ উৎপাদন), বিএডিসি | ৯৫৫৭৫০৪ |
| ৩ | জনাব মোঃ নুরুজ্জামান | অতিঃ মহা-ব্যবস্থাপক (খামার), বিএডিসি | ৯৫৫২৬০২ |
| ৪ | জনাব মোঃ সিরাজুল ইসলাম | প্রকল্প ব্যবস্থাপক (বীআমক), বিএডিসি | ৯৫৫১৫৪১ |
| ৫ | ডঃ মোহাম্মদ হোসেন | পরিচালক (গবেষণা), বিনা, ময়মনসিংহ | (০৯১) ৫৪০৪৬ |
| ৬ | জনাব মোঃ শাহ আলম | অতিঃ মহা-ব্যবস্থাপক (কঃ গ্রোঃ), বিএডিসি | ৯৫৬৪০৬৪ |
| ৭ | জনাব আনোয়ারুল হক | এসএফবি | ৯১১১৮৯৪ |
| ৮ | ডঃ আসমা খাতুন | বিজেআরআই | ৯১৪৫৯৩৩ |
| ৯ | জনাব মোঃ মতিয়ার রহমান | প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, কৃষি তথ্য সার্ভিস | ৮১৩০৪৭২ |
| ১০ | জনাব দেওয়ান নেছার আহমেদ | প্রধান বহিরাংগন নিয়ন্ত্রণ কর্মকর্তা ও প্রকল্প পরিচালক, এসসিএ | ৯২৫২৫৩২ |
| ১১ | জনাব মোঃ রেজাউল করিম | উপ-পরিচালক (মান নিয়ন্ত্রণ), বিএডিসি | ৯৫৬২৪৫৩ |
| ১২ | ড. মোঃ খায়রুল বাশার | প্রধান, জিআরএস বিভাগ, ব্রি | ৯২৫৭৪০১ |
| ১৩ | জনাব নেসার উদ্দিন আহমেদ | প্রধান বীজ তত্ত্ববিদ, বীজ উইং, কৃষি মন্ত্রণালয় | ৭১৬০২৩৮ |
| ১৪ | ড. মোহাম্মদ সাইফুজ্জামান | প্রধান বৈজ্ঞানিক কমকর্তা, গম গবেষণা কেন্দ্র, বিএআরআই, গাজীপুর | ৯২৬১৫০৮ |
| ১৫ | জনাব মোঃ সাঈদ আলী | অতিঃ পরিচালক (সম্প্রসারণ), ডিএই | ৯১১১৯৬৬ |
| ১৬ | ডাঃ দিল আফরোজ হক | যুগ্ম-সচিব (নিরীক্ষা), কৃষি মন্ত্রণালয় | ৬১৬৬০৮৭ |
| ১৭ | জনাব মোঃ আবুল হোসেন | ব্যবস্থাপক (কর্মসূচী), বিএডিসি | ৯৫৫২৫১২ |

পরিশিষ্ট-"খ"

# ২০০৭-২০০৮ উৎপাদন মৌসুমে বোরো ধান ও গম বীজের উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণী সভার কার্যবিবরণী

## ২০০৭-০৮ সালে গম বীজের প্রস্তাবিত উৎপাদন লক্ষ্যমাত্রা (মে. টন)

| জাত | শ্রেণী | | | মোট |
|---|---|---|---|---|
| | ভিত্তি | প্রত্যায়িত | মানঘোষিত | |
| শতাব্দী | ১১৭২ | ৩০০০ | ১৫৫২৮ | ১৯৭০০ |
| সৌরভ | ১৮৭ | ৬০০ | ৭৬০ | ১৫৪৭ |
| গৌরব | ১১২ | ৪০০ | ৭১২ | ১২২৪ |
| বিজয় | ৮৪ | - | - | ৮৪ |
| প্রদীপ | ৪৪৫ | - | - | ৪৪৫ |
| মোট ঃ | ২০০০ | ৪০০০ | ১৭,০০০ | ২৩,০০০ |

## ২০০৭-০৮ সালে বীজের আপৎকালীন মজুদ প্রকল্পের প্রস্তাবিত মানঘোষিত গমবীজ উৎপাদন লক্ষ্যমাত্রা

| জাত | পরিমাণ (টন) |
|---|---|
| শতাব্দী | ১৫০০ |
| সৌরভ | ৩০০ |
| গৌরব | ২০০ |
| | |
| | |
| মোট ঃ | ২০০০ |

## ২০০৭-০৮ সালের ব্রিডার গম বীজের সম্ভাব্য প্রাপ্তির পরিমাণ

| জাত | পরিমাণ (কেজি) |
|---|---|
| শতাব্দী | ১৮০০ |
| সৌরভ | ১৭০০ |
| গৌরব | ৯০০ |
| বিজয় | ৩২০০ |
| প্রদীপ | ৩৪০০ |
| মোট ঃ | ১১,০০০ |

**সর্বমোট লক্ষ্যমাত্রা ঃ ২৩,০০০ + ২,০০০ = ২৫,০০০ মে. টন**

## ২০০৭-০৮ সালের বোরো ধান বীজের প্রস্তাবিত উৎপাদন লক্ষ্যমাত্রা (মে. টন)

| জাত | শ্রেণী | | | মোট |
|---|---|---|---|---|
| | ভিত্তি | প্রত্যায়িত | মানঘোষিত | |
| বিআর-৩ | ৫০ | ৫০ | - | ১০০ |
| বিআর-১৪ | ১৫০ | ৫০ | ৯৫০ | ১১৫০ |
| বিআর-১৬ | ৫০ | ১০০ | ৪৫০ | ৬০০ |
| বিআর-২৬ | ১০০ | ৫০ | ৬০০ | ৭৫০ |
| ব্রিধান-২৮ | ৭৩০ | ৭০০ | ৬১০০ | ৭৫৩০ |
| ব্রিধান-২৯ | ১০৫০ | ২৮০০ | ১৭৯০০ | ২১৭৫০ |
| ব্রিধান-৩৫ | ৫০ | ৫০ | - | ১০০ |
| ব্রিধান-৩৬ | ৫০ | ১০০ | - | ১৫০ |
| ব্রিধান-৪৫ | ১০ | ৫০ | - | ৬০ |
| বিনা-৫ | ৫ | - | - | ৫ |
| বিনা-৬ | ১০ | ৫০ | - | ৬০ |
| সুপার হাইব্রিড এসএল-৮ এইচ | - | - | ১৫০ | ১৫০ |
| মোট ঃ | ২২৫৫ | ৪০০০ | ২৬১৫০ | ৩২৪০৫ |

## ২০০৭-০৮ সালের আপৎকালীন মজুদ প্রকল্পের প্রস্তাবিত মানঘোষিত বোরো বীজ উৎপাদন লক্ষমাত্রা

| জাত | পরিমাণ (টন) |
|---|---|
| বিআর-১৪ | ৩০০ |
| বিআর-২৬ | ১০০ |
| ব্রিধান-২৮ | ১৫০০ |
| ব্রিধান-২৯ | ২১০০ |
| | |
| | |
| | |
| | |
| | |
| | |
| | |
| | |
| মোট ঃ | ৪০০০ |

## ২০০৭-০৮ সালের ব্রিডার বোরো বীজের সম্ভাব্য প্রাপ্তির পরিমাণ

| জাত | পরিমাণ (কেজি) |
|---|---|
| বিআর-৩ | ৫০০ |
| বিআর-১৪ | ১৫০০ |
| বিআর-১৬ | ৫০০ |
| বিআর-২৬ | ১০০০ |
| ব্রিধান-২৮ | ৫০০০ |
| ব্রিধান-২৯ | ৬৩০০ |
| ব্রিধান-৩৬ | ৫০০ |
| ব্রিধান-৪৫ | ২০০ |
| বিনা-৫ | ৫০ |
| বিনা-৬ | ১০০ |
| | |
| | |
| মোট ঃ | ১৫,৬৫০ |

**সর্বমোট লক্ষ্যমাত্রা ঃ ৩২৪০৫ + ৪০০০ = ৩৬৪০৫ মে. টন**